ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-৩৭১৪

আগরতলা, ১১ নভেম্বর, ২০২৬

দীপাবলি উপলক্ষে মাতাবাড়িতে বিশেষ খাদ্য সুরক্ষা অভিযান

দীপাবলি উৎসবে জনসাধারণের খাদ্য সুরক্ষা ও জনস্বাস্থ্য নিশ্চিত করার লক্ষ্যে গোমতী জেলার উদয়পুরের মাতাবাড়ি ত্রিপুরা সুন্দরী মন্দির এলাকায় গত ৭ থেকে ১০ নভেম্বর, ২০২৬ পর্যন্ত গোমতী জেলার খাদ্য সুরক্ষা দপ্তরের উদ্যোগে এক বিশেষ অভিযান পরিচালনা করা হয়। গোমতী জেলার ফুড সেফটি অফিসার সহ অন্যান্য সংশ্লিষ্ট আধিকারিকগণ এই অভিযান পরিচালনা করেন। অভিযান চলাকালীন এলাকার বিভিন্ন খাদ্য ব্যবসা প্রতিষ্ঠানে পরিদর্শন করা হয় এবং খাদ্য নিরাপত্তা বিধিমালার মৌলিক স্বাস্থ্যবিধি ও খাদ্য সুরক্ষা সংক্রান্ত নির্দেশিকা যথাযথভাবে মেনে চলার জন্য ব্যবসায়ীদের সতর্ক করা হয়। পরিদর্শনের সময় বিভিন্ন খাদ্যদ্রব্যের নমুনা সংগ্রহ করে পরীক্ষার জন্য মোবাইল ফুড টেস্টিং ল্যাবরেটরিতে পাঠানো হয়। পাশাপাশি, নষ্ট ও বাসি খাবার ঘটনাস্থলেই অপসারণ ও নষ্ট করে ফেলা হয়, যাতে সেগুলি জনস্বাস্থ্যের জন্য ক্ষতিকর হয়ে উঠতে না পারে। এছাড়াও, দীপাবলি উৎসবের সময় নিরাপদ ও স্বাস্থ্যসম্মত খাদ্যদ্রব্য প্রস্তুত, সংরক্ষণ ও বিক্রির বিষয়ে জনসচেতনতা বাড়াতে খাদ্য ব্যবসায়ী ও সাধারণ মানুষের মধ্যে খাদ্য সুরক্ষা সংক্রান্ত সচেতনতামূলক প্রচারপত্র বিতরণ করা হয়। উৎসবের মরশুমে নিরাপদ খাদ্য নিশ্চিত করতে এবং জনস্বাস্থ্য সুরক্ষায় খাদ্য সুরক্ষা দপ্তরের এই বিশেষ অভিযান একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ। স্বাস্থ্য দপ্তর থেকে এই সংবাদ জানানো হয়েছে।

******